

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬০৫

১/ বিবিধ

আরবী

لوقيل لأهل النار: إنكم ماكتون في النار عدد كل حصة في الدنيا سنة لفرحوا بها،
ولوقيل لأهل الجنة: إنكم ماكتون في الجنة عدد كل حصة في الدنيا سنة لحزنوا،
ولكنهم خلقوا للأبد والأمد
موضوع

رواه الطبراني (3 / 75 / 2) وأبو نعيم (4 / 168) من طريق الحكم بن ظهير عن
السدي عن مرة عن ابن مسعود مرفوعا: وقال أبو نعيم: " تفرد به الحكم بن ظهير ".
قلت: وهو كذاب عند ابن معين وغيره، وقال ابن
حبان (1 / 245): " يروي عن الثقات الأشياء الموضوعات ". ثم ساق له حديثا آخر،
وقال الهيثمي في " المجمع " (10 / 396): " وهو مجمع على ضعفه ". وقال ابن أبي
حاتم في " العلل " (2 / 224): قال أبي: هذا حديث منكر
وقد أورده السيوطي في " الجامع " من رواية الطبراني فأساء. ولم يتعقبه المناوي إلا
بقول الهيثمي المذكور! والحديث يدل على أبدية الخلود في النار، والآيات القرآنية
والأحاديث الصحيحة تغني عنه من هذه الناحية

বাংলা

৬০৫। যদি জাহান্নামীদেরকে বলা হতো দুনিয়াতে যত পাথর আছে তত বছরের সমপরিমাণ তোমরা জাহান্নামের
আগুনে অবস্থান করবে, তাহলে অবশ্যই তারা তাতে আনন্দিত হতো। আর যদি জান্নাতীদের বলা হতো তোমরা
জান্নাতে অবস্থান করবে দুনিয়াতে যত পাথর আছে তত বছরের সমপরিমাণ, তাহলে অবশ্যই তারা চিন্তিত হতো।

কিন্তু তাদেরকে সৃষ্টি করা হয়েছে স্থায়িত্বের জন্য, অনন্তকালের জন্য।

হাদীছটি জাল।

এটিকে তাবারানী (৩/৭৫/২) এবং আবু নোয়াইম (৪/১৬৮) হাকাম ইবনু যহীর সূত্রে সুন্দী হতে তিনি মুররা হতে তিনি ইবনু মাসউদ (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। আবু নোয়াইম বলেনঃ হাকাম এককভাবে হাদীছটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইবনু মাসঈন ও অন্য বিদ্বানগণের নিকট তিনি মিথ্যুক। ইবনু হিব্বান (১/২৪৫) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বহু বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। অতঃপর তিনি তার অন্য একটি হাদীছ উল্লেখ করেছেন। হায়ছামী "আল-মাজমা" (১০/৩৯৬) গ্রন্থে বলেছেনঃ তার দুর্বল হওয়ার ব্যাপারে সকলে ঐকমত্য পোষণ করেছেন। ইবনু আবী হাতিম "আল-ইলাল" (২/২২৪) গ্রন্থে বলেন, আমার পিতা বলেছেনঃ এ হাদীছটি মুনকার।

হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে তাবারানীর বর্ণনায় উল্লেখ করে ত্রুটি করেছেন। মানবী শুধুমাত্র হায়ছামীর উপরোল্লিখিত কথা দ্বারা সমালোচনা করেছেন। কুরআনের আয়াত এবং সহীহ হাদীছ যা জাহান্নামে স্থায়ীভাবে থাকার বিবরণ দিয়েছে তাই আমাদেরকে এরূপ জাল হাদীছ হতে মুক্ত রাখতে পারে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71484>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন